# দিনাজপুর বোর্ড-২০১৯

## বাংলা প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ০ | ১ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান-৭০

[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক বিভাগ — গদ্য

১. ▶গাজীপুরে বকেয়া বেতনের দাবিতে কিছু পোশাক শ্রমিক ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করেছে। এমতাবস্থায় স্থায়ী জনপ্রতিনিধি শ্রমিকদের দাবি পূরণের আশ্বাস দেন। তিনি মালিকপক্ষের সাথে কথা বলে নির্দিষ্ট সময়ে শ্রমিকদের বেতন পরিশোধের ব্যবস্থা করেন। অতঃপর শ্রমিকরা অবরোধ প্রত্যাহার করে নেয়।

ক. বোধন-বাঁশি কী? ১

খ. আজ আমাদের এত অধঃপতনের কারণ কী? বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকের শ্রমিকরা 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের কাদের প্রতিনিধি? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের স্থানীয় জনপ্রতিনিধিই 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধে প্রাবন্ধিকের কাঙ্ক্ষিত মানুষ"— মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

২. ▶রিয়ার বয়স সতেরো পেরিয়ে আঠারোয় পড়েছে। ওর সমবয়সী অনেকেই বিয়ে-থা করে রীতিমতো সংসারী। কিন্তু রিয়ার জন্ম থেকেই হাত দুটো অসাড় হওয়ায় অন্যদের মতো তার সংসার করা হয়নি। রিয়ার বিধবা মা সেলিনা বেগম এতে বিচলিত নন। ছোট ছেলে পনেরো বছরের রাতুলের চেয়ে কোনো অংশে রিয়ার আদর-যত্ন তিনি কম করেন না। পাড়ার দু'একজন অবশ্য রিয়ার বিকাশের পথে জিন-ভূতের আছরকে দায়ী করে। কিন্তু ওসবকে পাত্তা দেন না সেলিনা বেগম।

ক. সুভা জলকুমারী হলে কী করত? ১

খ. প্রতাপকে নিতান্ত অকর্মণ্য লোক কেন বলা হয়েছে? ২

গ. উদ্দীপকের সেলিনা বেগম এবং 'সুভা' গল্পের সুভার মায়ের বৈসাদৃশ্য ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের রিয়া কি 'সুভা' গল্পের সুভা? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩. ▶গালিব বন থেকে একটি পাখি ধরে এনে খাঁচায় বন্দি করে রাখল। সে পরম আদরে খাঁচায় পাখিটিকে আঙ্গুর, বেদানা, কলা ইত্যাদি দামিদামি খাবার দিতে লাগল। সে ভাবল পাখিটি উড়ে যাবে না। একদিন সে খাঁচার দরজা খুলে দিয়ে খাবার দিল। কিন্তু একটু পরে এসে গালিব দেখল, পাখিটি সব খাবার ফেলে উড়ে চলে গেছে।

ক. লেখক মোতাহের হোসেন চৌধুরী কেন চেষ্টাকে অভিনন্দনযোগ্য বলেছেন? ১

খ. মানুষের জীবনকে একটি দোতালা ঘরের সাথে তুলনা করা হয়েছে কেন? ২

গ. উদ্দীপকে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩

https://teachingbd24.com

ঘ. "উদ্দীপকটি 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের খণ্ডাংশ তুলে ধরেছে মাত্র"— বিশ্লেষণ করো। ৪

৪. ষাটোর্ধ্ব শমসের গাজি বাড়ি ফেরার পথে দেখেন দু'জন যুবক মোবাইল ফোনে মরমি শিল্পী আব্দুল আলীমের গাওয়া 'পরের জায়গা পরের জমি, ঘর বানাইয়া আমি রই' ............ গানটি মনোযোগ দিয়ে শুনছে। তিনি তাদের কাছে গিয়ে বললেন, 'এখনকার ছেলেরাতো এ গানগুলো শোনে না অথচ তোমরা........।' শমসের গাজির কথা শুনে যুবকরা বলে ওঠে, 'এ গানগুলোইতো বাঙালি সংস্কৃতির প্রাণ। এগুলোকে কীভাবে ভুলি?' যুবকদের কথা মধুর মতো লাগে তাঁর কানে।

ক. মনসুর বয়াতি কে? ১

খ. 'নচেৎ এ সকল কেবলি ভুয়া, কেবলি ফক্কিকার'— লেখক একথা কেন বলেছেন? ২

গ. উদ্দীপকের যুবকদের মাঝে 'পল্লিজননী' রচনার যে দিকটি ফুটে উঠেছে, তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের শমসের গাজি কি 'পল্লিসাহিত্য' রচনার লেখকের চেতনার ধারক? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

## খ বিভাগ — কবিতা

৫. ▶ কার জামাটা ময়লা হয়েছে, কে চা খাবে, কখন খালাম্মাকে ওষুধ খাওয়াতে হবে— প্রায় সব কাজ একা সামলায় দশ বছরের ফুলি। বাড়ির সকলের প্রতি তার সমান দায়িত্ব। বাইরের কোন মানুষ দেখে বুঝতেই পারবে না যে সে এ বাড়ির কাজের মেয়ে। বাড়ির সবাই তাকে অনেক আদর-যত্নে রেখেছে। ফুলির সামান্য সর্দি-জ্বরে সবাই অস্থির হয়ে ওঠে। ফুলি নিজেকে খুব ভাগ্যবতী মনে করে।

ক. রানারের কাজ কী? ১

খ. রানারের কাছে পৃথিবীটা 'কালো ধোঁয়া' মনে হয় কেন? ২

গ. উদ্দীপকের 'ফুলি' ও 'রানার' কবিতার রানারের সাদৃশ্য কোথায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের বাড়ির লোকজন যেন 'রানার' কবিতার রচয়িতার চেতনারই ধারক"— মন্তব্যটি মূল্যায়ন করো। ৪

৬. ▶মনটা আমার ছুটে চলে সোনার সবুজ গাঁয়
সেথা কোকিল ডাকে কদম শাখে
নৌকা চলে নদীর বাঁকে
মাঝি সেথা আপন মনে ভাটিয়ালি গায়।
বেতের বনে ডাহুক পাখি সারাটি রাত যায় যে ডাকি
বন্ধু যে তার হারিয়ে গেছে
খুঁজেই না পাই আর।
শিশির ভেজা দূর্বা ঘাসে
সকাল বেলার সূর্য হাসে
রাখালেরা বাজায় বাঁশি
মাঠের পানে ধায়।

https://teachingbd24.com

ক. আহসান হাবীব এর কবিতায় কোন দিকটি বিশিষ্ট ব্যঞ্জনা দান করেছে? ১

খ. "জমিলার মা'র শূন্য খাঁ খাঁ রান্নাঘর শুকনো থালা সব চিনি"— এ কথাটি দ্বারা কবি কী বোঝাতে চেয়েছেন? বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকের ভাববস্তুর সাথে "আমি কোনো আগন্তুক নই" কবিতায় বর্ণিত কবির অনুভূতির সাদৃশ্য ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকটি "আমি কোনো আগন্তুক নই" কবিতার অখণ্ড ভাব প্রকাশ করে কি? তোমার উত্তরের সপক্ষে মতামত দাও। ৪

৭. শহরের এক বড়লোক ব্যবসায়ী 'খামারবাড়ি' করার জন্য গ্রামে কিছু জমি কিনলেন। সেখানে তিনি গোমস্তা লাগিয়ে কলের লাঙ্গল দিয়ে জমি চাষ করান, গরু-ছাগল পালন করান, মাছ চাষ করান— আরো কত কী। একসময় তিনি বললেন, 'আমি পুরো গ্রাম কিনে নিয়েছি, তোমাদেরকে বাড়ি-ঘর ছাড়তে হবে।' একদিন তিনি শহর থেকে গুণ্ডা এনে ঘর-বাড়ি দখল করতে এলেন। কিন্তু গ্রামবাসী একজোট হয়ে জীবন বাজি রেখে তা প্রতিহত করে। গুন্ডারা পালিয়ে গেলেও গ্রামের অনেকে এতে আহত হয়। তারা প্রতিজ্ঞাবন্ধ— জীবন দিয়ে হলেও বাপ-দাদার ভিটা অন্য কাউকে দখল করতে দেবে না।

ক. জলপাই রঙের ট্যাঙ্ক কীভাবে এলো? ১

খ. ছাত্রাবাস, বস্তি উজাড় হলো কেন? ২

গ. উদ্দীপকের বড়লোক ব্যবসায়ী 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় উল্লিখিত কাদের প্রতিনিধি? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের গ্রামবাসীদের চেতনা 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় বর্ণিত কবি চেতনাই প্রতিচ্ছবি"— মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

## গ বিভাগ —উপন্যাস

৮. ▶ঢাকা চিড়িয়াখানা থেকে সন্তানদের নিয়ে ফিরছিলেন সালাম-রাশিদা দম্পতি। কল্যাণপুর পৌছতেই পেছন দিক থেকে আসা একটি যাত্রীবাহী বাস সজোরে তাদের মাইক্রোবাসটিকে ধাক্কা দেয়। ড্রাইভারের পাশে বসা সালাম সাহেব অক্ষত থাকলেও ঘটনাস্থলেই প্রাণ হারায় দুই ছেলেমেয়েসহ স্ত্রী রাশিদা। যেন মুহূর্তের মধ্যেই নিঃস্ব হয়ে যান সালাম সাহেব।

ক. চাচি বুধাকে কীসের স্বপ্ন দিয়েছেন? ১

খ. "আমি যার তার কাছে হাত পাতি না"— বুধা একথা কেন বলেছিল? ২

গ. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন ঘটনার ছায়াপাত ঘটেছে? ব্যাখ্যা করো।৩

ঘ. উদ্দীপকের সালাম সাহেব কি 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার যথার্থ প্রতিনিধি? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

Teachingbd24.com

৯. ▶২৬শে মার্চ প্রথম প্রহরে বঙ্গবন্ধু স্বাধীনতার ঘোষণা দেবার পর পাক-হানাদাররা তাণ্ডব লীলা চালায়। তা দেখে সপরিবারে অনেকেই ভারতে পালিয়ে গেলেও শোভন তার বাবা-মা'র সাথে পালিয়ে যেতে অস্বীকৃতি জানায়। তার চোখে মুখে তখন ঘৃণা ও প্রতিশোধের আগুন। সে প্রতিজ্ঞা করল জীবনের শেষ রক্তবিন্দু দিয়ে হলেও দেশকে শত্রুমুক্ত করবে। শোভন মুক্তিযুদ্ধে অংশ নিয়ে দেশ স্বাধীন করে তবেই ঘরে ফিরল।

ক. উপন্যাসের আঙ্গিক ও গঠনকৌশলের দিক কোনটি? ১

খ. "তুই আর কী খাসরে বুধা"— একথা কে এবং কেন বলেছিল? ২

গ. উদ্দীপকের শোভন 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা চরিত্রের চেতনাগত সাদৃশ্য নিরূপণ করো। ৩

ঘ. উদ্দীপকের শোভন 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা চরিত্রকে সম্পূর্ণরূপে উন্মোচিত করে কি? যৌক্তিক মতামত দাও। ৪

## ঘ বিভাগ — নাটক

১০. ▶পঞ্চাশোর্ধ্ব বিপত্নীক কবেজ আলী দিনমজুর রমিজ মিয়ার ষোড়শী কন্যা সখিনাকে বউ করে ঘরে নিতে চায়। প্রতিবেশীদের কাছে পরামর্শ চাইলে মেয়ের সুখের কথা ভেবে তারাও সম্মতি দেয়। কিন্তু বেঁকে বসে সখিনার মা আরজুমান। বলে— বুড়ার সাথে মেয়ের বিয়ে দেওয়ার কোনো ইচ্ছা নেই। বড়লোক ধুয়ে কি পানি খামু? রক্ষা পায় সখিনা।

ক. বহিপীর হাতেম আলিকে কী শর্ত দিয়েছিল? ১

খ. নাটকের কাহিনি কীভাবে গড়ে ওঠে? বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকের কবেজ আলীকে যে দিক থেকে 'বহিপীর' নাটকের বহিপীর বলা যায়, তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আরজুমান কি 'বহিপীর' নাটকের হাশেম? যৌক্তিক মতামত দাও। ৪

১১. রাস্তা ঢালাইয়ের কাজে যে পরিমাণ সিমেন্ট দেওয়ার কথা ঠিকাদার তার প্রায় অর্ধেক সিমেন্ট দিচ্ছে দেখে বাধা দেয় কলেজপড়ুয়া যুবক ফাহিম। ওর সাথে গ্রামের আরও অনেকেই বিরোধিতা করে ঠিকাদারের কাজের। পরিস্থিতি ভালো নয় দেখে সঠিক পরিমাণে সিমেন্ট দিয়ে কাজ করতে বাধ্য হয় ঠিকাদার।

ক. কালের ঐক্য বলতে আমরা কী বুঝি? ১

খ. হকিকুল্লাহ্ পুলিশ ডাকতে গিয়েও ফিরে এসেছিল কেন? ২

গ. উদ্দীপকের ফাহিমের সাথে 'বহিপীর' নাটকের তাহেরার সাদৃশ্য কোথায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের ঠিকাদার চেতনায় 'বহিপীর' নাটকের বহিপীর"— মন্তব্যটি মূল্যায়ন করো। ৪

Teachingbd24.com

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: ১ ০ ১

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. 'বহিপীর' নাটকের ঘটনা প্রবাহ কাকে কেন্দ্র করে আবর্তিত হয়েছে?
ⓚ হাতেম আলি ⓚ বহিপীর
ⓖ হাশেম আলি ⓖ তাহেরা

উদ্দীপকটি পড়ে ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও:
করিম সন্তানকে ইংরেজি মাধ্যম পড়াবে। তাই সে মাম্মি, ড্যাডি, আংকেল শব্দগুলো সন্তানকে শেখায়। মা, বাবা, চাচা—এই শব্দগুলো শোনা, বলা ও চর্চা করা থেকে সে সন্তানকে দূরে রাখে। কিন্তু মা বলেন, বিদেশি শব্দে কোনো প্রাণ নেই। বরং আমাদের দেশি শব্দেই আবেগের প্রকাশ ঘটে বেশি।

২. করিমের ক্ষেত্রে 'বঙ্গবাণী' কবিতার যে চরণ প্রযোজ্য তা হলো—
i. যে সব কাহার জন্ম নির্ণয় ন জানি
ii. নিজ দেশ তেয়াগী কেন বিদেশ না যায়
iii. দেশী ভাষা উপদেশ মনে হিত অতি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ i ও ii ⓖ ii ও iii

৩. উদ্দীপকে মায়ের মনোভাবের 'বঙ্গবাণী' কবিতার কোন বৈশিষ্ট্যের প্রতিফলিন ঘটেছে?
ⓚ উদারতা ⓚ মাতৃভাষা প্রীতি
ⓖ মারফত জ্ঞান সম্পন্ন ⓖ সর্বভাষায় শ্রদ্ধাশীল

৪. বাংলা নববর্ষ উৎসব প্রাবন্ধিকের মতে কোন চেতনার ধারক?
ⓚ বাঙালি ⓚ স্বদেশি
ⓖ ধর্মনিরপেক্ষ ⓖ জাতীয়

৫. 'বহিপীর' নাটকে তাহেরাকে কীসের প্রতীক চরিত্র বলা যায়?
ⓚ ধৈর্যশীলতার ⓚ নারী অধিকারের
ⓖ অস্থিরতার ⓖ মানবিকতার

৬. 'আমরা তোমার শান্তিপ্রিয় শান্ত ছেলে
তবু অস্ত্র হাতে শত্রু এলে ধরতে জানি'—
চরণ দুটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে?
ⓚ বুধা ⓚ হরিকাকু
ⓖ আহাদ মুন্সি ⓖ কুদ্দুস

৭. 'মানুষ' কবিতায় কবি কার জয়গান গেয়েছেন?
ⓚ মানুষের ⓚ সাম্যের
ⓖ শ্রমিকের ⓖ তারুণ্যের

৮. 'আমার মায়ের গয়না ছাড়া ঘরকে যাবোনা। চরণটিতে 'সাহসী জননী বাংলা' কবিতার যে দিক বিদ্যমান—
i. ঐক্যচেতনা
ii. প্রতিশোধ স্পৃহা
iii. দৃঢ়চেতা মনোভাব
নিচের কোনটি সঠিক?
ⓚ ii ⓚ iii
ⓖ i ও ii ⓖ ii ও iii

৯. অবসাদে ঘুম নেমে এলে
আবার দেখেছি ঝিকিমিকি সেই শবরী তিতাস।
উক্ত কবিতাংশের ভাবের সঙ্গে 'কপোতাক্ষ নদ' কবিতার সাদৃশ্যগত চরণ কোনটি?
ⓚ বহু দেশে দেখিয়াছি বহু নদ-দলে
ⓚ সতত, তোমার কথা ভাবি এ বিরলে
ⓖ আর কি হে হবে দেখা? যত দিন যাবে
ⓖ লইছে তব নাম বঙ্গের সঙ্গীতে

১০. 'জীবাত্মা অনিত্য নয়' বলতে কবি কী বুঝিয়েছেন?
ⓚ আত্মার অবিনশ্বরতা
ⓚ সাধনার দ্বারা অমরত্ব লাভ
ⓖ মানবজন্ম অত্যন্ত মূল্যবান
ⓖ জীবনের ক্ষণস্থায়িত্ব

১১. আত্মসম্মান বোধ ফুটে উঠেছে মমতাদির কোন কথায়?
ⓚ আমায় ছাড়বেন না
ⓚ এত কথা কইতে পারে আপনার ছেলে
ⓖ সত্যি বলছি না। কে মারবে?
ⓖ তুমি তা দেবে কেন?

১২. মূল্যবোধের অবক্ষয় বোঝাতে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন কথাটি প্রযোজ্য?
ⓚ আত্মিক মৃত্যু ⓚ ফতুর
ⓖ লেফাফাদুরস্তি ⓖ পিঞ্জরাবদ্ধ

১৩. কোন চরণে 'সেইদিন এই মাঠ' কবিতায় সভ্যতা ক্ষণস্থায়ী বোঝানো হয়েছে?
ⓚ এই নদী নক্ষত্রের তলে
ⓚ সেদিনো দেখিবে স্বপ্ন
ⓖ নরম গন্ধের ঢেউয়ে
ⓖ এশিরিয়া ধুলো আজ

১৪. 'ঝর্ণার গান' কবিতায় ঝর্ণার উচ্ছলতা প্রকাশ পায় যে চরণে—
i. কেবল গাই পরীর গান
ii. তার খোঁজেই বিরাম নেই
iii. ঝিলমিলাই দিগ্বিদিক
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ i ও ii ⓖ ii ও iii

Teachingbd24.com

১৫. "আমার মতো দুটি বাহু বাড়াইয়া তুমিও আমাকে ধরিয়া রাখো"— সুভা কথাটি কাকে বলেছিল?

ⓚ তার মাকে ⓚ প্রকৃতিকে

ⓖ নদীতটিকে ⓘ বাল্য-সখীকে

১৬. বাক্কার দেখতে যেতে দেয়ায় বুধা ফজু চাচার প্রতি কী প্রকাশ করে?

ⓚ আনন্দ ⓚ পাগলামি

ⓖ উৎকণ্ঠা ⓘ বিনয়

১৭. 'বহিপীর' নাটকের কোন চরিত্রটি কুসংস্কারাচ্ছন্ন এবং ধর্মভীরু?

ⓚ বহিপীর ⓚ তাহেরা

ⓖ হকিকুল্লাহ ⓘ খোদেজা

১৮. 'বিকেলের বিরুদ্ধে বিকেল' বলতে কী বোঝানো হয়েছে?

ⓚ বঙ্গবন্ধুকে হত্যার ষড়যন্ত্র

ⓚ সময়ের পরিবর্তন

ⓖ অশুভ শক্তির উত্থান

ⓘ নেতিবাচক ভাবনা

১৯. হযরত মুহম্মদ (স.) কী হিসেবে তাঁর জীবন রূপায়িত করেছেন?

ⓚ প্রেম ও দয়ার মূর্ত প্রতীক

ⓚ মানুষের অনুকরণীয়

ⓖ ক্ষমার মূর্ত প্রতীক

ⓘ মানুষের শ্রেষ্ঠ আদর্শ

২০. 'আশা' কবিতার কবি কীসের অন্তরালে হারিয়ে যেতে চান?

ⓚ নিশুত রাতের ⓚ বিত্ত-সুখের

ⓖ আঁধার ⓘ কান্না-হাসির

**উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:**

তারাই মানুষ, তারাই দেবতা, গাহি তাহাদেরি গান
তাদেরি ব্যথিত বক্ষে পা ফেলে আসে নব উত্থান।

২১. উদ্দীপকে যাদের কথা বলা হয়েছে, 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধে তারা কারা?

ⓚ ছোটলোক ⓚ বিদ্রোহীরা

ⓖ চণ্ডাল ⓘ ভদ্র সম্প্রদায়

২২. 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের আলোকে কাজ সম্পন্ন করার জন্য তাদেরকে—

i. আপনজনের মতো করে নিতে হবে

ii. অবহেলা করা যাবে না

iii. নমস্কার করতে হবে

নিচের কোনটি সঠিক?

ⓚ i ⓚ ii

ⓖ i ও ii ⓘ ii ও iii

২৩. সুকান্ত ভট্টাচার্য তাঁর কবিতায় কাদের প্রতি গভীর মমতা প্রকাশ করেছেন?

ⓚ নিপীড়িত গণমানুষের

ⓚ ক্ষুধায় ক্লান্তদের

ⓖ ডাকহরকরাদের

ⓘ শ্রমজীবী মানুষের

২৪. সাহিত্যচর্চার আনন্দ থেকে বঞ্চিত হওয়ার অর্থ কী?

ⓚ জাতির জীবনীশক্তির হ্রাস করা

ⓚ সমাজের জীবনী শক্তি হ্রাস করা

ⓖ জ্ঞানের ভাণ্ডার শূন্য করা

ⓘ ধনের ভাণ্ডার শূন্য করা

২৫. দানবের মতো চিৎকার করতে করতে কী এসেছিল?

ⓚ রাইফেল ⓚ মেশিনগান

ⓖ ট্যাঙ্ক ⓘ গ্রেনেড

২৬. 'এখন থেকে তোকে আমি যুদ্ধ ডাকব, বুধা।'— এ কথা বলেছে কে?

ⓚ রাণি ⓚ আলি

ⓖ ফুলকলি ⓘ মিঠু

২৭. রসিক বেলগাছটি কাটতে গেলে দারোয়ান বাধা দেয়ার কারণ—

i. দুলের মড়া পোড়ানোর নিয়ম নেই

ii. বেলগাছটির মালিক জমিদার

iii. গোমস্তার অনুমতি নেয়নি

নিচের কোনটি সঠিক?

ⓚ i ⓚ ii

ⓖ i ও ii ⓘ ii ও iii

২৮. কোন জাতীয় রচনায় লেখকের পাণ্ডিত্যের পরিচয় মুখ্য হয়ে দেখা দেয়?

ⓚ নাটক ⓚ ছোটগল্প

ⓖ প্রবন্ধ ⓘ উপন্যাস

**উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:**

শীতের সকালে কুয়াশা চাদরে মোড়া খেজুর গাছের তলে মাটির কলসে ভরা সেই টাটকা স্বাদের রসে পুচ্ছ ভরা উচ্ছ্বাস আমি পাই আম গাছের কাছে।

২৯. উদ্দীপকে 'আম-আঁটির ভেঁপু' গল্পের কোন চরিত্রকে ইঙ্গিত করে?

ⓚ অপু ⓚ দুর্গা

ⓖ হরিহর ⓘ সর্বজয়া

৩০. উদ্দীপকে 'আম-আঁটির ভেঁপু' গল্পের কোন দিকটি প্রতিফলিত হয়েছে?

ⓚ প্রকৃতি ঘনিষ্ঠতা ⓚ আনন্দিত জীবন

ⓖ হতদরিদ্রতা ⓘ চিরায়ত শৈশব

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | গ | ৩ | খ | ৪ | গ | ৫ | খ | ৬ | ক | ৭ | ক | ৮ | খ | ৯ | খ | ১০ | ক | ১১ | গ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | গ |
| | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | ক | ২২ | গ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | ক |

https://teachingbd24.com